# এজেন্টদের প্রবেশে বাধা ও হামলার অভিযোগ জামায়াতের




ছবি: সংগৃহীত

একাধিক এলাকায় ভোটকেন্দ্র ঘিরে বাধা ও হামলার অভিযোগ তুলে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের বলেছেন, কিছু গোষ্ঠী সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে নির্বাচন প্রক্রিয়া ব্যাহত করার চেষ্টা করছে। এসব ঘটনার মাধ্যমে তারা নিজেদের ব্যর্থতাই প্রকাশ করছে।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকালে রাজধানীতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি বলেন, ভোলায় দলের নেতাকর্মীদের ওপর হামলা হয়েছে এবং এজেন্টদের দায়িত্ব পালন করতে দেওয়া হয়নি। কাগজপত্র প্রস্তুতের সময়ও সংঘর্ষের পরিস্থিতি তৈরি করা হয় বলে অভিযোগ করেন তিনি। ভোলা-২ আসনেও হামলার ঘটনা ঘটেছে এবং প্রশাসনের পক্ষ থেকে কার্যকর সহায়তা পাওয়া যাচ্ছে না বলেও দাবি করেন।

তার ভাষ্য অনুযায়ী, কুমিল্লা-৮ আসনে এজেন্টদের কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়া হচ্ছে এবং ভোটারদেরও কেন্দ্রে যেতে নিরুৎসাহিত করা হচ্ছে। নোয়াখালীর হাতিয়াতেও ভোটারদের কেন্দ্রমুখী হতে প্রতিবন্ধকতার অভিযোগ রয়েছে।

LENS ASIA

জুবায়ের বলেন, শুরু থেকেই তারা প্রশাসন ও নির্বাচন কমিশনের নিরপেক্ষ ভূমিকার আহ্বান জানিয়ে আসছেন। সংশ্লিষ্টদের দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা জরুরি, কারণ জনগণ একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন প্রত্যাশা করে। কোনো ধরনের অনিয়ম হলে তার জবাবদিহি থাকতে হবে বলেও মন্তব্য করেন তিনি।

ভোটগ্রহণ এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে ভোটার উপস্থিতি বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করে তিনি প্রশাসন ও নির্বাচন সংশ্লিষ্টদের নিরপেক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান।